৬ জুন, ২০২৬

গাজায় বিয়ের অনুষ্ঠানে ইসরায়েলি হামলায় নিহত ৫



সংগৃহীত ছবি

ফিলিস্তিনের গাজা সিটিতে একটি বিয়ের অনুষ্ঠানে ইসরাইলি বিমান হামলায় অন্তত পাঁচজন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা জানিয়েছে, নিহতের সংখ্যা আরও বাড়তে পারে।

প্রতিবেদনে বলা হয়, বিয়ের অনুষ্ঠান চলাকালে একটি অস্থায়ী তাঁবুকে লক্ষ্য করে পরপর দুটি ক্ষেপণাস্ত্র ছোড়া হয়। হামলার পর মুহূর্তেই সেখানে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং বহু মানুষ হতাহত হন।

আল জাজিরার প্রতিবেদক হানি মাহমুদ জানান, হামলার ঘটনায় আহতের সংখ্যাও বেশ বেশি। ধ্বংসস্তূপের নিচে আরও মানুষ আটকে থাকতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে।

তবে হামলাটি ঠিক কোন এলাকায় এবং কখন সংঘটিত হয়েছে, সে বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হয়নি।

আল-শিফা হাসপাতালের একটি সূত্র জানিয়েছে, এ ঘটনায় অন্তত এক ডজন মানুষ আহত হয়েছেন। আহতদের হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে।

LENS ASIA